# কোভিড ১৯ পরিস্থিতিতে ২০২২ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: সংস্কৃত

বিষয় কোড: ১২৩

## কোভিড ১৯ পরিস্থিতিতে ২০২২ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: সংস্কৃত বিষয় কোড: ১২৩ পূর্ণ নম্বর: ১০০ তত্ত্বীয় নম্বর: ১০০ ব্যাবহারিক নম্বর: ০০

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **প্রথম ভাগ: গদ্যাংশ** প্রথম পাঠ: তৈত্তিরীয়োপনিষদ্ | • প্রাচীন শিক্ষা-ব্যবস্থায় সমাবর্তন ভাষণে আচার্য যে উপদেশ দিতেন তা শিক্ষার্থীরা অবহিত হয়ে সে উপদেশগুলো জীবনে প্রতিফলন করতে পারবে।<br>• আচার্যের অনুশাসন পাঠটি অনুসরণে উপনিষদের বাক্যরীতির সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হয়ে তা ব্যক্ত করতে পারবে। | আচার্যনুশাসনম্ | ৪ | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ | |
| দ্বিতীয় পাঠ: মহাভারতম্ | • গুরু-ভক্তি পাঠের মাধ্যমে শিষ্য কেমন করে গুরুর নির্দেশ প্রতিপালনের ফলে অভীষ্ট জ্ঞান অর্জনে সমর্থ হয়েছে, তা বলতে পারবে।<br>• পাঠটি অনুসরণ করে শিক্ষার্থীরা আদেশ, উপদেশ, নির্দেশ দেওয়ার ভাষাগত কৌশল জানতে পারবে এবং তা প্রয়োগ করতে পারবে। | আরুণেরুপাখ্যানম্ | ৪ | ১৩শ, ১৪শ, ১৫শ ও ১৬শ | |
| চতুর্থ পাঠ: পঞ্চতন্ত্রম্ | • ‘পঞ্চতন্ত্রকথামুখম্’ উপাখ্যানের মাধ্যমে শাস্ত্র-বিমুখ রাজপুত্রদের অল্পসময়ে নীতি শাস্ত্রজ্ঞ করে তোলার জন্য আচার্য কী পদ্ধতি অবলম্বন করেছিলেন শিক্ষার্থীরা তা বলতে পারবে।<br>• ‘পঞ্চতন্ত্রকথামুখম্’ উপাখ্যানটি পাঠ করে সংস্কৃত নীতিমূলক শ্লোকগুলো শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে শিখবে এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করতে পারবে।<br>• পঞ্চতন্ত্রের অন্যান্য কাহিনি জানার জন্যও শিক্ষার্থীরা কৌতূহলী হবে এবং বলতে পারবে। | পঞ্চতন্ত্রকথামুখম্ | ৪ | ৩০শ, ৩১শ, ৩২শ ও ৩৩শ | |
| চতুর্দশ পাঠ: অভিজ্ঞানশকুন্তলম্ | • ‘শকুন্তলোপাখ্যানম্’ পাঠটি অধ্যয়ন করে কালিদাসের মূল ‘অভিজ্ঞানশকুন্তলম্’ নাটকের কাহিনি জানতে আগ্রহ প্রকাশ করবে।<br>• শকুন্তলা- পাঠটির মাধ্যমে শিক্ষার্থীরা প্রকৃতির সঙ্গে মানুষের নিবিড় সম্পর্ক এবং মানুষের অন্তরে স্নেহ প্রীতির প্রভাব অত্যন্ত প্রবল যা | শকুন্তলোপাখ্যানম্ | ৬ | ৫০তম, ৫১তম, ৫২তম, ৫৩তম, ৫৪তম ও ৫৫তম | |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | সংসার-বিরাগী মুনি-ঋষিদেরকেও অভিভূত করে তা ব্যাখ্যা করতে পারবে।<br>● সংস্কৃত নাটকের কলা-কৌশল জানার জন্য উৎসাহ প্রদর্শন করবে।<br>● শিক্ষার্থীরা পাঠের অন্তর্ভুক্ত শ্লোকগুলো শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে পারবে। | | | | |
| **দ্বিতীয় ভাগঃ পদ্যাংশ**<br>দ্বিতীয় পাঠ:<br>রামায়ণম্ | ● রামচন্দ্রের রাজ্যাভিষেক কবিতাটি পড়ে শিক্ষার্থীরা প্রাচীনকালের রাজাদের সিংহাসনে আরোহণের সময় যে উৎসব হতো সে সম্বন্ধে বলতে পারবে।<br>● পাঠের শ্লোকগুলো শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে শিখবে এবং শ্লোকে ব্যবহৃত শব্দসমূহের সন্ধি, সমাস ও ব্যুৎপত্তি সম্বন্ধে জ্ঞান লাভ করবে। | রামচন্দ্রস্য রাজ্যাভিষেকঃ<br>প্রথম ১২টি শ্লোক। | ৬ | ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম | আংশিক |
| চতুর্থ পাঠ:<br>শ্রীমদ্‌ভগবদ্‌গীতা | ● আত্মার অমরত্ব ও সর্বব্যাপকত্ব সম্বন্ধে জানবে এবং আত্মোন্নতির চেষ্টা করবে।<br>● পাঠের ব্যবহৃত পদগুলোর ব্যবহার বৈচিত্র্য সম্বন্ধে জ্ঞানলাভ করবে এবং অর্জিত জ্ঞানের ভিত্তিতে নতুন নতুন বাক্য রচনা করতে পারবে। | আত্মতত্ত্বম্<br>প্রথম ৮টি শ্লোক। | ৪ | ২৬শ, ২৭শ, ২৮শ ও ২৯শ | আংশিক |
| পঞ্চম পাঠ:<br>শ্রীশ্রীচণ্ডী | ● দেবীস্তোত্র পাঠ করে দুর্গার মাহাত্ম্য জানবে। পাঠে ব্যবহৃত বিভিন্নশব্দের ব্যাকরণগত বিশ্লেষণ শিখবে এবং শব্দগুলো বাক্যে ব্যবহার করতে আগ্রহী হবে। | দেবীস্তোত্রম্<br>প্রথম ৮টি শ্লোক। | ৪ | ৪০শ, ৪১শ, ৪২শ ও ৪৩শ | আংশিক |
| **তৃতীয় ভাগঃ ব্যাকরণ**<br>প্রথম পাঠ<br>সংজ্ঞা প্রকরণ | ● সংজ্ঞা প্রকরণ পাঠ করে ব্যাকরণের অন্তর্ভুক্ত নানা সংজ্ঞা জানবে। | সংজ্ঞা প্রকরণ<br>গুণ, বৃদ্ধি, উপধা, পদ, প্রকৃতি, প্রাতিপদিক, প্রত্যয়। | ২ | ১১শ-১২শ | আংশিক |
| দ্বিতীয় পাঠ:<br>শব্দরূপ | ● শব্দরূপের জ্ঞানলাভ করে শিক্ষার্থীরা অনুরূপ শব্দরূপ তৈরি করতে শিখবে। | শব্দরূপ (নর, লতা, ফল, অস্মদ্, এক) | ৫ | ১৭শ, ১৮শ, ১৯শ, ২২শ ও ২৩শ | আংশিক |

| অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল | বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম) | প্রয়োজনীয় ক্লাস সংখ্যা | ক্লাসের ক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| তৃতীয় পাঠঃ ধাতুরূপ | • ধাতুরূপের জ্ঞানলাভ করে শিক্ষার্থীরা অনুরূপ ধাতুরূপ তৈরি করতে শিখবে। | ধাতুরূপ- (ভূ, জি, সেব্, জন্) | ৪ | ২০শ, ২১শ, ২৪শ ও ২৫শ | আংশিক |
| চতুর্থ পাঠঃ সন্ধি | • বিভিন্ন ধরনের সন্ধির জ্ঞানলাভ করে শিক্ষার্থীরা অনুরূপ সন্ধির শব্দ তৈরি করতে শিখবে। | সন্ধি (স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি) | ৬ | ৩৪শ, ৩৫শ, ৩৬শ, ৩৭শ, ৩৮শ ও ৩৯শ | আংশিক |
| পঞ্চম পাঠঃ সমাস | • সমাস অধ্যায় পাঠ করে শিক্ষার্থীরা পাঠ্যাংশের সমাসবদ্ধ শব্দ বিশ্লেষণ করতে শিখবে এবং বাক্য রচনায় সমাসবদ্ধ পদ ব্যবহার করতে উৎসাহী হবে। | সমাস (দ্বন্দ্ব, দ্বিগু, তৎপুরুষ ও অব্যয়ীভাব) | ৬ | ৪৪শ, ৪৫শ, ৪৬শ, ৪৭শ, ৪৮শ ও ৪৯তম | আংশিক |
| ষষ্ঠ পাঠঃ ণ-ত্ব ও ষ-ত্ব-বিধান | • ণ-ত্ব ও ষ-ত্ব বিধান পাঠ করে শিক্ষার্থীরা ণ ও ষ এর শুদ্ধ প্রয়োগ জানবে। | ণ-ত্ব ও ষ-ত্ব-বিধান | ২ | ৫৬তম-৫৭তম | |
| সপ্তম পাঠঃ কৃৎ ও তদ্ধিত প্রত্যয় | • কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের সাধারণ জ্ঞান লাভ করে শিক্ষার্থীরা শব্দ গঠনের প্রক্রিয়া জানবে। | কৃৎ (তব্য, অনীয়, ণ্যৎ, যৎ) তদ্ধিত প্রত্যয় (অপত্যার্থক ) | ৪ | ৫৮তম-৫৯তম, ৬০তম-৬১তম | আংশিক |
| একাদশ পাঠঃ স্ত্রী প্রত্যয় | • স্ত্রী প্রত্যয় অধ্যায়টি পাঠ করে শিক্ষার্থীরা পুংলিঙ্গ শব্দকে স্ত্রীলিঙ্গ শব্দে রূপান্তর করতে শিখবে। | স্ত্রী প্রত্যয় | ২ | ৭০তম-৭১তম | |
| দ্বাদশ পাঠঃ উপসর্গ | • শিক্ষার্থীরা উপসর্গ সম্পর্কে বিস্তারিত জেনে উপসর্গযোগে শব্দ তৈরি করতে ও সেগুলো বাক্যে ব্যবহার করতে শিখবে। | উপসর্গ | ২ | ৬২তম-৬৩তম | |
| পঞ্চদশ পাঠঃ কারক ও বিভক্তি | • কারক ও বিভক্তির জ্ঞান অর্জন করে শিক্ষার্থীরা বাক্য রচনা করতে এবং শুদ্ধভাবে কারক-বিভক্তি নির্ণয় করতে শিখবে। | কারক ও বিভক্তি<br>কারক : কর্তৃ, কর্ম, করণ ও সম্প্রদান<br>বিভক্তি : ১মা, ২য়া, ৩য়া ও ৪র্থী | ৬ | ৬৪তম-৬৫তম, ৬৬তম-৬৭তম, ৬৮তম-৬৯তম | আংশিক |
| **চতুর্থ ভাগঃ অনুবাদ** | • শিক্ষার্থীরা অনুবাদ শিক্ষা পাঠটি অধ্যয়ন করে সংস্কৃত থেকে বাংলায় এবং বাংলা থেকে সংস্কৃতে অনুবাদ করার কৌশল শিখবে। | অনুবাদ | ৪ | ৭২তম-৭৩তম, ৭৪তম-৭৫তম | |
| | | **সর্বমোট** | **৭৫** | | |

**মান বণ্টন : প্রশ্নপত্রের ধারা এবং মান বণ্টন অপরিবর্তিত থাকবে।**